সাঁওতালী-শিক্ষা।

জেলা সাঁওতাল পরগণা, সব ডিঃ পাকুড়ের অধীন,

কালিদাসপুর উচ্চ প্রাথমিক স্কুলের প্রধান শিক্ষক

শ্রীইসমাইল বিশ্বাস কর্ত্তৃক

প্রণীত ও প্রকাশিত।

ডুমকা স্কুল সমূহের ডিপুটী ইন্‌স্পেক্টার

শ্রীযুক্ত জন নবকিশোর সরকার কর্ত্তৃক

সংশোধিত ও সংবর্দ্ধিত।

তৃতীয় সংস্করণ।

ভূম,

সিউড়ি বার্ত্তাপ্রেস হইতে

শ্রীধরণীধারী সাহা কর্ত্তৃক মুদ্রিত।

১৩১৯ সাল। মাঘ।

মূল্য পাঁচ আনা মাত্র।

ভূমিকা।

সর্ব্বসাধারণে আজকাল সাঁওতালী ভাষা শিক্ষার্থে অত্যন্ত উৎসুক হইয়াছেন। যাহারা কিছু কিছু শিক্ষা করিয়াছেন, তাহাদের অধিকাংশই রোমান হইতে শিক্ষিত, ফলতঃ বাঙ্গলা শিক্ষার্থীরা তাহা জানেন না বলিয়া, তাঁহাদের জন্য বাঙ্গলা ভাষায় সাঁওতালীর অর্থ করিয়া এই ক্ষুদ্র পুস্তকখানি রচিত হইল। ইহাতে বাঙ্গলা ভাষা শিক্ষিত বালক, বৃদ্ধ ও যুবক সকলেই সাঁওতালী ভাষা শিখিতে পারিবেন। এমন কি যাহাদের বর্ণজ্ঞান জন্মিয়াছে, তাহারাও সাঁওতালী ভাষা শিক্ষা করিতে পারিবেন। সকল শ্রেণীর লোকেরই সাঁওতালী ভাষা শিক্ষা করিবার সুবিধার জন্য সর্ব্বাধিক যত্ন ও পরিশ্রম করিয়া "সাঁওতালী-শিক্ষা" মুদ্রিত করিলাম। এক্ষণে সাধারণের শিক্ষার উপযোগী হইলেই শ্রম সফল বোধ করিব।

পরিশেষে আমার বক্তব্য এই যে, বাঙ্গালা ভাষা এতদ্দেশে প্রচলিত বলিয়া, আমি তাহাই ব্যবহার করিলাম। তাড়াতাড়ি মুদ্রাঙ্কন কার্য্য সম্পন্ন করিতে হইল বলিয়া অনেক ত্রুটি ও ভ্রমপ্রমাদ থাকা সম্ভাবনা, ভরসা করি পাঠকগণ তজ্জন্য ক্ষমা করিবেন।

জেলা সাঁওতালপরগণা পোঃ প[illegible]ড়
কালিদাসপুর উঃ প্রাঃ স্কুল।
তারিখ ২রা ফেব্রুয়ারী ১৯[illegible]।

শ্রীইসমাইল

সাঙ্কেতিক চিহ্ন।

শিক্ষার্থীদিগের প্রতি উপদেশ।

সাঁওতালী ভাষা প্রায় জোর দিয়া উচ্চারণ করিতে হয়, অতএব পাঠ করিবার সময় নিম্নলিখিত চিহ্নগুলির প্রতি বিশেষরূপে দৃষ্টি রাখিয়া উচ্চারণ করিলে সাঁওতালী ভাষা বিশুদ্ধরূপে উচ্চারণ করিতে পারিবেন।

১। (:') এইরূপ চিহ্ন থাকিলে প্রকৃত বিসর্গের ন্যায় জোড়ে উচ্চারণ করিতে হইবে যথা মারাঃ', সরঃ', রুপাঃ', হোযোঃ', কোরোঃ', ভাবনাঃ', কাটিঃ', ইত্যাদি।

২। (:্) যদি এইরূপ চিহ্ন শব্দের মধ্যে বা অন্তে থাকে অর্থাৎ বিসর্গের নীচে হসন্ত থাকে তবে এইচের ন্যায় উচ্চারণ করিতে হইবে যথা রেঃ্, দেঃ্, হেঃ্, হাবিঃ্, লাঃ্, ইত্যাদি।

৩। (়) যদি এইরূপ দাঁড়ির নীচে বিন্দু চিহ্ন থাকে তাহা হইলে তালু হইতে উচ্চারণ করিতে হইবে যথা কাই, গাই, দাড়, ডার, দাল, ঝাল, উসাৎ, খাজাড়ি ইত্যাদি।

সাঁওতালী শিক্ষা।

প্রথম ভাগ।

প্রথম অধ্যায়।

পক্ষীগণের নাম।

চেড়েঁ কোরে আঃ' ঞূতুম্।

ওতালী।	বাঙ্গালা।
ড়েঁ	পক্ষী।
[illegible]	গণ।
তুম্	নাম।
াল্	কোকিল।
র্ক	সারস।
রাঃ'	ময়ুর
ম্	মুরগী
ণ্ডি	মোরগ।
শা়ণ্ডি	খাসী মোরগ।
লট্ সীম্	কাটুলী মুরগী।

সাঁওতালী।	বাঙ্গালা।
শাঁক	হাঁস।
সেরালী	বন হাঁস।
গেডে	পাতিহাঁস (বতক)
সুখাল	সামখল।
পারওমা	পায়রা, কবুতর।
কিস্নী	ময়না।
ঘাড়ওয়া	চড়ুই।
হিসি	বাবুই।
হুদু	পেঁচা
ককর	কাটঠোকরা

সাঁওতালী।	বাঙ্গালা।	সাঁওতালী	বাঙ্গালা
কা!হু	কাক।	ভা!লুয়!	কাকাতুয়া
বুরু কা!হু	দাঁড়কাক।	পোতাম্	ঘুঘু।
[illegible]	বাহুড়।	গা!রুড়্	হাড়গীলা।
বারহুড়ুহুঃ	চামচিকা।	ঝিঁক্	সজারু।
পাঝাড়্	বাজ।	চামাচাকো	ধনেশ্বরী।
টোয়া	ঈগল	চিত্‌রী	তিত্তির।
কঁঃ বা বাঁক্	বক।	কুড়িং	চিল।
কিকির	মাছরাঙ্গা।	গিদি	শকুনি।
মিরু	টিয়া।	হপন্	ছানা।

জন্তুগণের নাম।

জানয়ার কো রেআঃ' ঞূতুম

সাঁওতালী।	বাঙ্গালা।	সাঁওতালী।	বাঙ্গালা।
হড়	মানুষ।	বানা	ভালুক।
বিরসিন্দিঃ্	বন মানুষ।	সাদম	ঘোড়া।
জানওয়ার	জন্তু।	দাঃ' সাদম্	সিন্ধু ঘোটক।
ধা!চরি কুল	সিংহ।	জিল্	হরিণ।
কুল	ব্যাঘ্র।	শুকরী	শূকর।
হাড্গার্	নেকড়ে বাঘ।	ডাঙ্গ্রা	বলদ।
ত!রুপ্	ছোট ব্যাঘ্র।	গা!ই	গাভী।
গাণ্ড্, গা!রুড়্	গণ্ডার।	বায়ার	ষাঁড়।

াওতালী।	বাঙ্গালা।
টাঁড়্	বক্না।
ছুঁ	গো বৎস (বাছুর)
াডা	কাড়া
ংকিল	মহিষ।
াড্রু	মহিষ ছানা।
াঢ়াক্	বক্না মহিষ।
ভিডি	মেষ ভেড়ি।
ভডা	ভেড়া
মরম্	ছাগল।
াদা	পাঁঠা।
ায়ো	শৃগাল।
তা	কুকুর।
্মি	বিড়াল।
গু!	বনবিড়াল।
দাম্	উদ্বিড়াল।
তোড়্	কাঠবিড়াল।
খেকড়িঁ	খেঁক্শিয়ালী।
কুল!ই	খরগোস।
াড়ু	হনুমান।
গাঁড়ি	বানর।
চেমেঞ	বেজী।
গোডো	ইন্দুর (বড়)
ুটিয়া	নেংটী ইন্দুর।

সাঁওতালী।	বাঙ্গালা।
চুন্দ্	ছুঁচা।
হরো	কচ্ছপ. (কাছিম)
তায়ান	কুমীর।
বিং	সর্প (সাপ)।
তরহৎ	গোসাপ।
আয়াং	গোখুরা।
থুত্রী	বোড়া।
গাঁড়িৎ	বাতা চিতি।
ডুলুড়ুঙ	হেলে।
জাম্ড়ো	ঢ্যামনা, বাতাছড়ি।
চেরচেটে	টিকটিকি।
কাক্ড়া	গিরগিটি।
সেঙেল মার্মার্	তেঁতুলে বিছে।
রটে হারকা	বেঙাচি।
বারুডাং	সোনা বেঙ।
পকোৎ রোটে	কট্কটিয়া বেঙ।
মুমুরবাং	বোলতা।
বমুম্বারাড়িং	ভিম্রুল।
র	মাছি।
সিঁখড়ি	মশা।
ভুমুর	ছোট মৌমাছি।
এঞেলে	ডাঁসা মৌমাছি।
লটং্র	কুকুর মাছি।

সাঁওতালী।	বাঙ্গালা।
ত্নুটঃ্	ডাঁস।
তিক্	আঁটুল।
শশ্রঃ্	ফড়িঙ।
পোহো	পঙ্গপাল।
হুয়াডিং	উছড়ঙ্গা।
পিপ্ড়িআং	প্রজাপতি।
চাপ্ড়া	আর্শুলা।
লেঙ্গোঃ	কেঁল্লাই।
গেগেতেরেঞ-ছোট কেঁল্লাই।	
কুলবিন্দি	মাকড়্সা।
বিনিদ	ছোট মাকড়্সা।
সে	উকুন।
মুইঃ’	পিপীলিকা (পিঁপড়া)
ঞিন্দির	উই।
ভুকু	পুত্তিকা।
ছতি	ঘুন।
লেণ্ডেং	কেঁচো।
তিজু	পোকা।
বাক্জুহু	জোনাকি পোকা।
লুমাম্তিজু	গুটিপোকা।
রেরেং	ঝিঁঝিঁপোকা।
চায়া	গাঁদিপোকা।

সাঁওতালী।	বাঙ্গালা।
উঙ্ক	গোবরে পোকা
অড়্ময়ঃ্	ছারপোকা।
হাকো	মাছ।
রুহি	রুই।
হিল্সা	ইলিস।
বোয়াড়্	[বোয়াল।
বাম্বি	বাইম।
ভুঁড়ি	গোঁচি।
কাঁড়াহাকো	বাঘাড়।
রোড্গো	কই।
মাঙ্গ্রী	মাগুর।
বাধড়্	চিতল (ফ[illegible]
শরয়ঃ্	আঁইখড়া।
রেঁড়েঁৎ	টেঙ্গরা।
চড্গঃ্	চেঙ।
গাডাইচা	গল্লাচিংড়ি।
গুঁহাকো	শশক।
সাঁয়ার	সঙ্কোচ।
কাট্কম্	কাঁকড়া।
গোজ্বা	শম্বুক (শামুক)
রকয়ঃ্	গুগলী।

কৃষি ফসলের নাম।

চাস পোসল্ রে আঁঃ' ঞূতুম্।

সাঁওতালী।	বাঙ্গালা।	সাঁওতালী।	বাঙ্গালা।
হোড়ো	ধান।	তুড়ি	সরিষা
চাউলী	চাউল।	ধানিয়া	ধনে।
জাও	জব।	সাসাং	হলুদ।
গুহম্	গম।	আধে	আদা।
মাটর	মটর।	জোণ্ডরা	ভুট্টা (মাকই)
মাস্‌রী	মসুর।	জান্‌হে	কোদা।
ভুট	*বুট, (ছোলা)	কোদে	মাড়ুয়া।
রাহিড়	অরহর।	ইড়ি	সামা।
কিসারি	খেঁসারি।	এরবা	কাউইন।
রামড়া	কলাই।	জ়াঁড়ি	পাট।
হোড়েঃ্	কুর্তি।	নাড়চা জ়াঁড়ি	লাল পাট।
ঠিসি	মসিনা।	কুদ্রুম্ জ়াঁড়ি	শণ, আমলা
তিল্ মিঞ	তিল।		

তরিতরকারী দ্রব্যের নাম।

উতু লেক্ তিজ্ রে আঃ' ঞূতুম্।

সাঁওতালী।	বাঙ্গালা।	সাঁওতালী।	বাঙ্গালা।
উতু	ব্যঞ্জন, তরকারী।	পোটোল	পটোল।
বেঙ্গাড়্	বেগুন।	হাড়হাৎকারলা	উচ্ছে।

সাঁওতালী।	বাঙ্গালা।	সাঁওতালী।	বাঙ্গালা।
ঝিঙ্গা	ঝিঙ্গা।	মালহান্	সীম।
হুতং	লাউ।	মুন্গাস্থটি	সাজনা শুঁটি।
কোহন্তা	বিলাতী কুমড়া	পুটকা	পাতালকোঁড়।
কুম্ড়া	কুমড়া।	পিণ্ডার	পিরালু।
কান্দাসারো	মানকচু।	জেল্	মাংস।
সারু	কচু।	বেগে	ডিম।
পিঁড়ার	ওল।	রাশি	ঝোল (ঝুস)
রামঝিঙ্গা	রামপটোল, চাঁড়স	আড়াঃ’	শাক।
কান্বুলা	কাঁকরোল, ঘৃত করলা।	কাঁড়বী	কলমী।
হাড়হাৎকারলা	তিত করলা।	কুইন্তি	মহুয়া ফল (কোঁচড়া)
তাহের	শশা, খিরা		

ফলের নাম।

জরেআঃ’ এঃতুম্।

সাঁওতালী।	বাঙ্গালা।	সাঁওতালী।	বাঙ্গালা।
জ	ফল।	জ জ	তেঁতুল।
উল	আম।	কাঠাড়্	কাঁটাল।
স	বড় জাম।	তালী	তাল।
কোদ্	ছোট জাম।	তালীভাতি	তালবিচি।
নারকড়্	নারিকেল।	খিজুর	খেজুর।
গুয়া	স্থপারি।	সিঞ্জো	বেল।

সাঁওতালী।	বাঙ্গালা।	সাঁওতালী।	বাঙ্গালা।
আমৃত ফল	পেঁপে	এদেল্	শিমুল
মান্দার্গম্	আতা।	কাহুবু:কী	মাকাল।
সাপ্‌ড়ী আম্	পিয়ারা।	কুইণ্ডি	মহুয়াফল।
তেরেল	কেন্দ।	মেরাল্	আমলকী
মাকাড়্‌কেন্দা	গাব।	রল্	হরিতকি।
ডাহু	বড়ল মান্দার	লপং	বহ্‌ড়া।
জামুম	কুল।	এরাডোম্	ভেরেণ্ডা।
কুড়িৎরামা	বনকুল।	বাড়ী	বট।
জাম্বীর	বাতাবীলেবু।	পরায়ণী	পদ্ম।
লিবু	লেবু।	বুরুকুন্দ্‌রী	তেলাকুচা
বাঘীন্	নাটা।	কাঁড়্‌এেংৎ	কুঁচ
লোওয়া	ডুমুর।	ঢেলা	আঁশি।

গাছগাছ্‌ড়ার নাম।

দারে এ মান রেআঃ' ঞূতুম্।

সাঁওতালী।	বাঙ্গালা	সাঁওতালী	বাঙ্গালা
দারে	গাছ।	বারু	কুসুম।
বাড়্	বকুল।	আতনা	আসন।
হেসাঃ	পাকুড়। অশ্বত্থ	হেসেল	ধাওয়া।
বাড়ী	বট।	গাব্‌ল	বাবলা।
সার্জ্জম্	সাল।	কাদাম	কদম।

সাঁওতালী।	বাঙ্গালা।
রায়রুই	ঝাউ।
মুরুং	পলাস।
মুনগা	সজনা।
নাড়ীমুরুং	হাতিকান পলাস।
ডোকা	জিউলি।
মাৎ	বাঁশ।
আকাওনা	আকন্দ।
তুধি লোটা	অনন্তমূল।
কেদার	শ্বেতমূল।
কাল মেঘ	চিরতা।
ঝাপণী	লজ্জাবতী।
সেঙেলসিং	বিচুটি।
আলাগজাড়ি	স্বর্ণলতিকা।
দাতরা	ধুতুরা।
সীরোম্	বেনা।
পাটীওল	পেতেল।
সাপীন	নাগফেণী।
ঘাস	ঘাস।

সাঁওতালী।	বাঙ্গালা।
ধুবি ঘাস	দুর্ব্বাঘাস।
নাড়ী	লতা।
সাকাম্	পত্র, পাতা।
পাতড়া	শালপাতা।
ডার্	ডাল।
বঁক্	বোঁটা।
মহে	কুঁড়ি।
বাহা	ফুল।
সাড়	প্রস্ফুটিত।
পরায়ণী	পদ্ম।
আরাঃ উপাল	রক্তপদ্ম।
কিয়া	কেতকী।
গুলাঞ্চ	চাঁপা।
কুসম্বীবাহা	গাঁদাফুল।
রাজবাহা	করবি।
কুকড়ু চুংবাহা	চুয়াফুল মোরোগ ফুল

বাস গৃহ।

তাহেন ওড়া

সাঁওতালী।	বাঙ্গালা।	সাঁওতালী	বাঙ্গালা।
ওড়া	ঘর।	কাঁথ	দেওয়াল।
দুয়ার	দরজা (দোর)	পাখা	তাক।
কাপাট	কপাট।	পাচ্‌রী	প্রাচীর।
খিড়্‌কি	জানালা।	খুন্টী	খুঁটি।
শিল্‌পিং	আগড়।	সাউড়ি	খড়।
রাচা	আঙ্গিনা।	বাতা	বাখারি (বাতা)।
ছাট্‌কার	দরজা।	বাৰের্	দড়ি।
কুল্‌হি	গলি।	সেনের্	কোড়া (রোলা)
গোড়া	গোশালা (গোহাল)	সাঙ্গা	কড়ি।
কুডাম্	ঘরের পিছন।	ছাটাঁড়্‌	বরগা।

—

ব্যবহারীয় দ্রব্য।

বেওহার তিজ্‌

সাঁওতালী।	বাঙ্গালা।	সাঁওতালী।	বাঙ্গালা।
পার্কম্	খাট।	সুড়ে পাটিয়া	মাদুড় (সপ)।
আঁটেং-আঃ	বিছানা।	তাকিয়া	বালিশ।
কাম্বরা	কম্বল।	কাস্থা	কাঁথা।
পাটিয়া	চাটাই।	সাত্‌রাঙ্গী	সতরঞ্চি।

সাঁওতালী।	বাঙ্গালা।	সাঁওতালী।	বাঙ্গালা।
টুকুই্‌ঃ	হাঁড়ি	ইসি	রিস্।
কাণ্ডা	কলসী।	কোচেকাঁড়্‌বা	নীজেন মুঠো।
চেলাং	ঝুন্‌কী।	আরাঁড়্‌	জুয়াঁল।
কারাহি	তাই।	আঁড়্‌গম্‌	মই।
চুকাঃ’	ভাঁড়।	কারহা	কুড়ুল।
ঢাক্‌নি	সরা।	সাগাড়্‌	গোগাড়ি।
বাহানী	গামলা, পাতনা।	নিশ্খা	ধুরি।
দিউহেমালী	প্রদীপ।	আড়াশ	চাপার বাঁশ।
ডিবিয়া	লম্ফ।	ঠেঙ্গা	লাঠি।
চিলিম্‌	কলিকা।	ছাতার	ছাতা।
হুকা	হুকা।	বাধ্না	খড়ম।
নাহেল	হাল।	পানাহি	জুতা।

পানভোজনাদি দ্রব্য।

জম্ এঞ্য় জিনিস।

সাঁওতালী।	বাঙ্গালা।	সাঁওতালী।	বাঙ্গালা।
দাকা	ভাত।	আটা	ময়দা।
অন্‌	অন্ন।	হলং	আটা, গুঁড়া।
চাউলী	চাউল।	সাতু	ছাতু।
দাল	দাইল।	তাবেন্‌	চিঁড়া।
পিঠা	রুটি।	খাজাড়ি	মুড়ি।

সাঁওতালী।	বাঙ্গালা।
উখড়া	মুড়্কী।
গুড়	গুড়।
চিনি	চিনি।
মিশ্রী	মিছরী।
মাণ্ডা	মণ্ডা।
জিলাপি	জিলাপি।
লাড়ু	লাড়ু।
ঝিলিলাড়ু	মিঠাই।
তোয়াদাকা	ক্ষীর।
নিহু	ননী।
তোয়াছালী	দুধের সর।
তোয়া	দুধ।
গত্থম্	ঘৃত।
দাহি	দই।
ঘোর্	ঘোল।
দাঃ' মাণ্ডি	ভাতের মাড়, ফেন।

সাঁওতালী।	বাঙ্গালা।
দাঃ'	জল।
পাউরা	মদ।
তাড়ি	তাড়ি।
হাণ্ডি	পচুই।
চুটি	চুরুট
চাঃ'	চা।
থামাখুর়	তামাক।
গুড়াখুর়	মাখা তামাক।
বুলুং	লবণ।
মোসোলা	মসলা।
লঙ্গফল	লবঙ্গ।
মারিচ	লঙ্কা।
গোলমরিচ	গোলমরিচ।
কালিয়াজিরা	কালজিরা।
থায়ার	খদির
সাসাং	হলুদ।

তৈল।

সুনুম্।

সাঁওতালী।	বাঙ্গালা।
সুনুম্	তেল।
এরাণ্ডোম্সুনুম্	রেড়ির তেল।
কুইণ্ডিসুনুম্	মহুয়া ফলের তেল
বাকসুনুম্	কুসুম তেল।

সাঁওতালী।	বাঙ্গালা।	সাঁওতালী।	বাঙ্গালা।
নিমসুনুম্	নিমের তেল।	নার্ কঁড়্ সুনুম্	নারিকেল তেল।
আটকুটি	কাঁটার তেল।	ডিবিয়া সুনুম্	কেরোসিন তেল
তুড়ি বা উতিন্সুনুম্	খাবার তেল সরিষার তেল।	কাড়ি	খৈল।

বাঁশের কাজ।

মাৎ কামি।

সাঁওতালী।	বাঙ্গালা।	সাঁওতালী।	বাঙ্গালা।
খ:চলা	খাঁচি।	ড:লী	চেঙ্গারী।
ফাতিয়া	ঝুড়ি।	বিনী	হাতপাখা।
টুপলা	ধুচুনী।	চাতম্	ছাতা।
হাটাঃ’	কুলা।	ছুপী	মাথৈল, মাথালি।
হাড়্কা	ঝাপি, পেটারা	ডোপকা	জল সেচন ছেনী।
চালা	চালুনী।		

ধাতু।

সাঁওতালী।	বাঙ্গালা।	সাঁওতালী।	বাঙ্গালা
সোনা	সোনা।	সাঙ্খাসাকম্	চুর।
রূপা	রূপা।	সাকম	খাড়ু।

সাঁওতালী	বাঙ্গালা	সাঁওতালী।	বাঙ্গালা।
মুন্দাম্	অঙ্গুরি।	দিয়াড়া	পিলসুজ (গাছা)।
থারি	থাল।	পিতার	পিত্তল।
টুন্টীলোটা	গাড়ু।	লিপুর	নুপুর।
ঘাড়া	ঘড়া।	ঝনকা	কোমরের ঘুমুর।

পোষাক।

পোষাক্।

সাঁওতালী	বাঙ্গালা।	সাঁওতালী	বাঙ্গালা।
কিচ্রিঃ	কাপড়।	পিছাউড়ি	মোটা চাদর।
উরঘুমসে গরম কিচ্রিঃ	গরদ অথবা পশমী কাপড়	খাণ্ডি	ঠেঁটি, সাড়ি।
		পাঞ্চি	গামছা।
লুমাম্	রেশম	পাঁঢ়াড়	তেহাতিচাদর।
বাহাধুতি	চাদর	পুতলী	কাঁপি।
আঙ্গরপ্	জামা।	ভাগয়া	কৌপিন।
কুর্ত্তা	কুর্ত্তা।	গেন্দরেঃ	ন্যাকড়া।
পাটকা	কম্ফোটার।	ওয়োনকিচ্রিঃ	গায়ের কাপড়।
টুপ্রি	টুপী।	ডেঁগান্কিচ্রিঃ	পরিধান বস্ত্র।
ঝাঙ্গা	পেন্টুলন (পায়জামা অথবা মোজা।	বান্দেন্ কিচ্রিঃ	স্ত্রীলাকের পরিধান বস্ত্র, (সাড়ি)।
বার্কি	গায়ের ওড়্না (শীতবস্ত্র)	পানাহি	জুতা।

অস্ত্র।

হাতিয়ার্।

সাঁওতালী	বাঙ্গালা।	সাঁওতালী	বাঙ্গালা।
হাতিয়ার	অস্ত্র।	পাল	ফাল।
কাপ্চী	কাঁচী।	কুড়ি	কোদাল।
টাঙ্গা সে টেঙ্গঃ	কুড়ুল।	দাত্রম্	কাস্তে।
কাইদা	দা. কাটারি।	কাপি	টাঙ্গি।
কাটি	চাবী।	বিঞ্চী	বঁটি।
শিকড়ি	শিকল।	তারওয়াড়ী	তরবার।
গোজাল	পেরেক।	ফিরি	ঢাল।
শুই	ছুঁচ্।	আর্জান্	পয়নার আল।
মেড়হেঁৎ	লৌহা ধাতু।	আপাড়ি	তীর।
কাঁড়্ছু	হাতা।	আঃ'	ধনুক।
রুকা	বাটালি।	সার	কাঁড়।

জল ও স্থল।

দাঃ' আর ঘুট্।

সাঁওতালী।	বাঙ্গালা।	সাঁওতালী।	বাঙ্গালা।
হাসা	মাটী।	নাগ্রাহা	নগর।
খেত্ জমি	জমি।	আতো	গ্রাম।
ধার্তি	পৃথিবী।	টোলা	পাড়া।
দিসম্	দেশ।	হাটিয়া	হাট।

সাঁওতালী	বাঙ্গালা।	সাঁওতালী।	বাঙ্গালা।
টাপু	দ্বীপ।	কুলহীমুচেৎ	গ্রাম বা পাড়ার প্রান্তভাগ।
খাদ	খনি।	দাঃ’	জল।
অত্	ভূমি।	স্থৎ দাঃ’	উৎসের জল।
বুরু	পাহাড়।	বাল্‌বালদাঃ’	ঘাম।
বুরু দান্দের	পর্ব্বতের গহ্বর।	শিশির দাঃ’	শিশির।
ম্‌ৎণী	চূড়া, শৃঙ্গ।	সড	খাল।
ধাস্‌না	গড়খাই, ঢালু।	ডাড়ি	ঝরণা।
সীমা	সীমানা।	কুঁই	কূপ, (পাতকুয়া)
দোবাটিয়া	দোসীমানা।	আহার	বান্দ।
তেবাটিয়া	তেসীমানা।	পুখ্‌রী	পুকুর।
হর	পথ।	জোলা	বিল।
চিরিৎহর	সঙ্কীর্ণ পথ।	সার	দিঘি।
হাঁস্‌গাড্‌লা	মাটিতোলা ডোবা	ডাঁড়্	ডাঁড়া বা ছোট নদী।
পিণ্ড্‌হা	খেতের আলি।	গাডা	নদী।
বাড়্‌গে	দো ফসলা ভিটা।	জালাপুরী	সাগর।
গোড়া	এক ফসলা ভিটা		
কুলহী	গলি।		

নানাপ্রকার বস্তুর নাম।

এমাণ্ডেয়া জিনিস রেআঃ' ঞুতুম্।

সাঁওতালী।	বাঙ্গালা।	সাঁওতালী	বাঙ্গালা।
হোড়ো	ধান।	তিরিও	বাঁশী।
আঘাঁড় হোড়ো	হৈমন্তিক ধান।	বানাম্	বেহালা।
ভাদই হোড়ো	আউশ ধান।	তুমদাঃ'	মান্দল।
তেকে চাউলী	সিদ্ধ চাউল।	কুইলা	কয়লা।
আদওয়াচাউলী	আতপ চাউল।	ধিরি কুইলা	পাথুরিয়া কয়লা।
সঃ' চাউলী	ছাঁটা চাউল।	কুইলা খাদ্	কয়লার খনি।
নান্হাচাউলী	সরু চাউল।	ধিরি	প্রস্তর।
বাগাড়্ চাউলী	আছাঁটা চাউল	ইটা	ইট।
হেড়ে	ভুষি, তুঁষ।	গাঙ্গিট্	গুটিং।
লোবো	গুঁড়া।	শুড়্কী	শুরকী।
লাঢ়া	বিচালি (নাড়া)	সেঙ্গেল	আগুন।
বুসুপ্	পোয়াল।	সাহান	জ্বালানী কাষ্ঠ।
উখুড়্	উখুল।	কোম্বড়োসেঙ্গেল	দেশালাই।
তোক্	সামাট।	সুতাম্	সূতা।
ঢিঙ্কি	ঢেঁকি।	কিতাব	বই।
মুস্রা	ঢেঁকির মোহনা।	কাগাত	কাগজ।
রাহাড়্	ঢোল, ঢাক্।	আর্শী	আয়না।
টামাক্	নাগ্রা।	নাকিঃ্	চিরুণী।
পেপড়েঁ	স্বনাচি, সানাই।	গাণ্ডু	বসিবার পিঁড়া।

সাঁওতালী	বাঙ্গালা।
জনঃ'	ঝাঁটা।
রোটেওৎ	বেঙের ছাতী।
বেনেৎ	সিপি।
সিতেৎ	মোম।
ধুড়ি	ধুলা।
লসৎ	কাদা।
পারকম্	খাট।
কুঠে	খাটের পায়া।
পারিয়াড়ি	খাটের পাসি।
বীর্	বন।
গাজাড়্	জঙ্গল।
বাগওয়ান	বাগান।
শীতং	রৌদ্র।
উমুল্	ছায়া।
জাহুম্	কাঁটা।
উল্ঢা	সালুক।
টাহু	চেচুড়।
গাড়্গাডি	গোড় ঘাস।
নাগরউতা	নাগরমুথা।
রীমীল	মেঘ।
সেম্মা	আকাশ।
সিঞচান্দো	সূর্য্য।
ঞিন্দাচান্দো	চন্দ্র।
ইপিল্	তারা।

সাঁওতালী।	বাঙ্গালা।
চাণ্ড্বল ইপিল	ধূমকেতু।
ভুরুকা সে আয়ুপ্ ইপিল	শুক্রগ্রহ।
ইপিলইঃ্	উল্কাপাত।
বিজ্লী	বিদ্যুৎ।
চেটের	বজ্রাঘাত।
তের্দেঃ্	জ্যোৎস্না।
এত্	অন্ধকার।
জাপুত্	বাদলা।
কুহুড়া	কুয়াসা।
আরেল্	শিলাবৃষ্টি।
রাতাং	বরফ।
সিঞ	দিন।
ঞিন্দা	রাত্রি।
নাংলী	আউন্দ।
খত্	সার।
তরঃ্	ছাই।
গুরিঃ্	গোবর।
জায়জুম্ঢা	খড়কুটা।
রাচাতে আ	প্রস্রাব।
ইঃ্	মল বিষ্ঠা।
আডু	মূত্র।

দ্বিতীয় অধ্যায়।

অঙ্গ-প্রত্যঙ্গ

হড়্‌ম হাটিং।

সাঁওতালী।	বাঙ্গালা।
হড়ম্বো	শরীর।
উপ	চুল।
হার্তা	চাম।
বহঃ’	মাথা।
ছাতাং	মাথার মগজ।
মোলোং, চান্দি	কপাল।
মেৎ	চক্ষু।
মেৎকুটি	ভ্রু।
পিপ্‌নী	চক্ষুর পাতা।
মু	নাক।
লুতুর্	কাণ।
আলাং	জিহ্বা।
গুণ্ড্	আল জিহ্বা।
মোচা	মুখ।
লুটি	ঠোঁট।
ডাটা	দাঁত।
জাম্বে	চোয়াল, চাবল।
মাস্‌কুড়া	মাড়ি।
তাঙ্ক	তালু।
চাওহাড়ি, জোহা	গাল।
কেওয়া	থুতনী।
তোৎকা	ঘাড়।
হটঃ’	গলা।
তারেন্	কাঁধ।
হাত্‌লা	বগল।
দেয়া	পৃষ্ঠ, পিঠ।
বিশী	শিরদাঁড়া।
পাঞ্জার	পাঁজরা।
তি	হাত।
জাঙ্গা	পা।
সোপো	বাহু।
মোকওচোং	কনুই।
কাটুপ্	অঙ্গুলি।
রামা	নখ।

সাঁওতালী।	বাঙ্গালা।
কোড়াম্	বক্ষঃস্থল।
হুহু	স্তন।
লায়ঃ	পেট।
বুকা	নাভি।
ডাঙ্গা	কোমর।
পান্দে	তলপেট।
ডেকে	পাছা।
বুলু	উরু।
গুণ্ডী	হাঁটু।
চোটোজেল্	জঙ্ঘা।
ইভি গৌড়ালি,	পাদমূল।
জাঙ্গাতাল্কা	পায়ের চেটো।
তিভাল্কা	হাতের চেটো।
নার্ড়ি	গলার নলী।
ইম	কালিজা।
বরো	ফুসফুস।
কুণ্ডি	হৃৎপিণ্ড বা রক্তস্থলী।
পোটা	পাকযন্ত্র বা আমাশয়।
পাটুয়া	কৃমি।

সাঁওতালী।	বাঙ্গালা।
মায়াম্	রক্ত।
জিল	মাংস।
শির	শিরা।
জাং	অস্থি, হাড।
জনোড়া, উটি	সন্ধিস্থল, (গাঁইট)
গোচো	দাড়ি গোপ।
এঙ্গা কাটুপ্	অঙ্গুষ্ঠ, বৃদ্ধাঙ্গুলি
উডু কাটুপ্	তর্জ্জনি।
তালা কাটুপ	মধ্যমা।
মুন্দাম কাটুপ	অনামিকা।
সিঃ' কাটুপ্	কনিষ্ঠাঙ্গুলি।
জজমতি	ডানহাত।
লেঙ্গাতি	বাম হাত।
জজম্ জাঙ্গা	ডান পা।
লেঙ্গা জাঙ্গা	বাম পা।
দিরীং	শিং।
চাণ্ড্বল্	লেজ।
খুরা	খুর।
ঠোণ্টা	পক্ষীর ঠোঁট।
চুপি	পক্ষীর লেজ।
পাণ্ডু উপ্	পাকা চুল।

সম্পর্ক।

সাগাই

সাঁওতালী	বাঙ্গালা।	সাঁওতালী।	বাঙ্গালা
সাগাই	সম্পর্ক।	বয়হা	ভাই।
আপুঞ,	আমার পিতা।	বকত্ কোড়া	ছোট ভাই।
বাবা	পিতা।	বকত্ কুড়ি মিসেরাৎ	ছোট ভগ্নী।
এঙ্গাত, এঙ্গাঞ	আমার মাতা।	অজিৎ	বড় ভগ্নী।
আয়ো, গ	মাতা।	দাই	দিদি।
তাতাৎ	পিতামহ।	তেয়াং	ভগ্নীপতি।
তাতাঞ	আমার ঐ।	রিনিঃ', এরা	স্ত্রী।
জিয়েৎ	পিতামহী।	হপন্	ছেলে।
জিয়াঞ	আমার ঐ।	জাওঞায়	পতি, স্বামী।
গোঙ্গোবাবা	জ্যেষ্ঠতাত (জেঠা)	হোপন্ হেরেল্ বাবু	পুত্র।
গোঙ্গোআয়ো	জ্যেষ্ঠতাত পত্নী (জেঠাই)	হোপন্এরা	কন্যা।
কাকা	খুড়া।	জায়কোবাড়্ কোড়া গড়ম্ কোড়া	পৌত্র।
কাকী	খুড়ী, মাসী।	জায়কোবাড়্ কুড়ি গড়ম্ কুড়ি	পৌত্রী।
কুমাৎ, কুমাং	পিসা।	গড়ম্	বন্ধু, মিতা।
হাতম্	পিসী, মামী।		
মা'মা	মামা।		
হিলি	ভাজ, বৌদিদি।		

* সাঁওতাল জাতির সন্তান সন্ততি হইলে তাহারা আপন বংশ অর্থাৎ পিতা, মাতা, জেঠা, জেঠাই, খুড়া, খুড়ি, দাদা, ভাই, দিদি, ভগ্নী, শ্বশুর, শাশুড়ী প্রভৃতির নামানুসারে নামকরণ করিয়া থাকে।

সাঁওতালী।	বাঙ্গালা।
ভাচাৎ কোড়া	ভ্রাতুষ্পুত্র।
ভাচাৎ কুড়ি	ভ্রাতুষ্কন্যা
ভাগনা	ভাগ্না।
ভাগ্না কুড়ি	ভাগ্নী।
কুমাৎ কোড়া	শ্যালপো।
বাহোঞহার	বড় শ্যালক, ভাশুর।
এরওয়েল	ছোট শ্যালক, দেওর।
হোঞহার	শ্বশুর।
হানহার	শাশুড়ী।
জাওঞায় গোমকে	জামাতা।
কিমিন্	পুত্রবধু।
আঝনার	ঠাকুরঝি।
বাবু	পুত্র (বেটা)
মাই, মাকু	কন্যা। *
হিরোম্	স্বপত্নী (সতীন)
বাহু	বধু, বৌ।

সাঁওতালী।	বাঙ্গালা।
গুমধি	বৈবাহিক।
গুমধিন	ঐ পত্নী।
সাডগেত	ভায়রা ভাই।
হেরেল	পুরুষ লোক।
আইমাই, মারজিউ	স্ত্রীলোক।
হাড়াম্	বুড়।
বুঢ়ি	বুড়ি।
কোড়া	বালক, ছোঁড়া।
কুড়ি	বালিকা, ছুঁড়ি।
মিৎলায়ঃ বয়হা	সহোদর ভাই।
বাহু'আনিঃ'	বিবাহিত
কোড়া	বালক।
ডাঙ্গোয়া কোড়া	অবিবাহিত বালক।
জাওঞায় কুড়ি	বিবাহিতা বালিকা।
ডাঙ্গোয়া	অবিবাহিতা
কুড়ি	বালিকা।
রাণ্ডি	বিধবা।
পেড়া	কুটুম্ব।
গিদ্‌রা	ছেলে।
চাকরা	হিজ্‌রা।

* সাঁওতালগণ কনিষ্ঠকে অর্থাৎ ছোট ভাই, ভগ্নী, ভাগিনেয় শ্যালক পুত্র, কন্যা প্রভৃতিকে বেটা, বিটি বলিয়া সম্বোধন করিয়া থাকে।

সাঁওতালী।	বাঙ্গালা।
কিশাঁড়	মুনিব, ধনবান।
রেঙ্গেঃ হড়	গরিব লোক।
কয়জং হড়	ভিক্ষুক লোক।
বালে হপন	কচি ছেলে।
এহো (পুঃ)	ওগো (সমবয়স্ক অথবা বয়জ্যেষ্ঠকে)
এয়া (পুঃ)	ওরে (কনিষ্ঠকে)
এনা (স্ত্রী)	ওটে ঐ
এগো	বয়জ্যেষ্ঠ স্ত্রীলোককে সম্বোধন।

জাতি।

জাত্

সাঁওতালী।	বাঙ্গালা।
দেকো	অনার্য্য জাতি।
বাব্‌ড়ে	ব্রাহ্মণ।
ক.ত্	কায়েস্ত।
ছাত্‌রি	ছত্রি।
মুশ্‌লা	মুসলমান।
ন.উ	নাপিত।
কুম্‌কাল	কুমার।
ধিনুক	ধানুক।
তাম্তি	তাঁতি।
মোয়রা	ময়রা।
শুঁণ্ডি	শুঁড়ি।
মাহারা	গয়লা।
সান্তাল	সাঁওতাল।
মুণ্ডা	পাহাড়িয়া।

রোগের নাম।

রোগ বিঘিন রে আঃ' ঞুতুম

সাঁওতালী	বাঙ্গালা।
রুয়াঃ'	জ্বর।
হাওয়া	কলেরা।
গুটি	বসন্ত।
হারাম কাস্‌রা	পানিবসন্ত।
তালসা	ঘাম।
দাদ	দাদ।
খাসরা	পাঁচড়া।
বিরসাহা	গ্রহণি।
কুথা	আমাশয়।
লায়ঃ ওডোক	পেটের পীড়া।
লায়ঃ হাসো	পেট্‌ কামড়ান।
বহঃ' হাসো	মাথাধরা।
খোঃ	খুকি, কাশী।
হাসো	বেদনা।
গান্দা	সর্দ্দি।
সিম্‌ড়া	পিনাশ।
হামুস্‌	কামলা।
পিলা	প্লীহা।
মীরগী	মৃগী।

সাঁওতালী	বাঙ্গালা।
রাজরোগ	যক্ষা।
মুর্‌ হুৎ জোম্‌	কুষ্ঠরোগ।
কাঁড়া	কাণা।
লেটা	খোঁড়া।
কোক্কা	পাগল।
কুক্কি	পাগলিনী।
ঠুঁণ্টা	ঠুঁটা
ঘাও	ঘা।
ওজো	ফোড়া।
আঙ্গুরবুঢি	আঙ্গুল হাড়ান
সিট্‌কা	সূতিকা।
ওকোৎ	গণ্ডমালা।
গোদা	গোদ।
কালা	বধির।
গুঙ্গা	বোবা।
তোত্‌ড়া	তোতলা।
চেড়ে	টাক্‌।
থারা	কফ, কাশি
থো	থু থু।

মাস।

মাস বা চান্দো।

সাঁওতালী।	বাঙ্গালা।	সাঁওতালী।	বাঙ্গালা।
বায়শাখ	বৈশাখ।	চাত	চৈত্র।
ঝেট্	জ্যৈষ্ঠ।	সের মা বছর	বৎসর।
আষাড়	আষাঢ়।	ঞির্এন্ চান্দো	গত মাস।
শান	শ্রাবণ।	ঘারায় চান্দো	আগামী মাস।
ভাদর	ভাদ্র।	নেশ্	বর্ত্তমান বৎসর।
দাশাঁয়	আশ্বিন।	কালম্	আগামী বৎসর।
সোহোরায়	কার্ত্তিক।	সাতম্	আগামী তৃতীয় বৎসর।
আথাঁড়	অগ্রহায়ণ।	দিন কালম্	গত বৎসর।
পুষ	পৌষ।	হোল কালম	গত তৃতীয় বৎসর
মাঘ	মাঘ।	মহাকালম.	গত চতুর্থ বৎসর।
ফাগুন	ফাল্গুন।		

দিন ও সময়।

দিন আর যখেঃ্।

সাঁওতালী।	বাঙ্গালা।	সাঁওতালী।	বাঙ্গালা।
আঠয়ার হিলো	রবিবার।	লুখীবার	বৃহস্পতিবার।
হিলো	বার।	শুকোল	শুক্র।
সম	সোম।	শানিচার	শনি।
বুধ	বুধ।	দিন	দিবস।

সাঁওতালী।	বাঙ্গালা।	সাঁওতালী।	বাঙ্গালা।
তেহেঞ	আজ।	আয়ুপ	সন্ধ্যা।
গাপা	কাল।	হাসোর	অস্ত।
মিয়াং	পরশ্ব।	কেদো জমাওক্তে	সান্ধ্য ভোজনের আন্দাজ রাত্রি ৮ টার সময়।
এন্দ্রায়	তরশ্ব।	তালাঞিদা	দুই প্রহর রাত্রি।
হোলা	গত কাল।	আঙ্গা	প্রভাত।
মাহান্দের	গত পরশ্ব।	ইনাং	অনেকক্ষণ পূর্ব্বে।
ওন্মাহান্দের	গত তরশ্ব।	যখেঃ	সময়।
বের্	বেলা।	উত্তার	উত্তর।
নিতঃ’	এখন।	দাখিন	দক্ষিণ।
ধিনাং	অপরাহ্ণ।	পূরুব	পূর্ব্ব।
সিতাঃ’ রে	প্রাতঃকালে	পাছিম	পশ্চিম।
বাস্কেবের	দশটার বেলা	নীরন্দিন	গ্রীষ্মকাল।
তিকিন	দুই প্রহর।	জাপুংদিন	বর্ষাকাল।
তারাসীন	আড়াই প্রহর	রাবাংদিন	শীতকাল।
মারাং দাঃ’ লোবীর	বেলা তিন টার সময়।		
ছড়িং দা’ লোবীর	বেলা চারি টার সময়।		

সংখ্যা গণনা।

লেখা।

সাঁওতালী।	বাঙ্গালা।
মিৎ	এক।
বার	দুই।
পে	তিন।
পন	চারি।
মঁড়ে	পাঁচ।
তুরুই	ছয়।
এয়ায়	সাত।
ইরাল্	আট।
আরে	নয়।
গেল্	দশ।
গেল্‌মিৎ	এগার।
গেলবার্	বার।
গেল্‌পে	তের।
গেল্‌পোন	চৌদ্দ।
গেল্‌মঁড়ে	পনের।
গেল্‌তুরুই	ষোল।
গেল্‌এয়ায়	সতের।
গেল্‌ইরাল	আঠার।
গেল্‌ আরে	ঊনিশ।
বার্‌গেল্‌ ইসি	কুড়ি, দুই দশ
বার্‌গেল্‌মিৎ	একুশ।
বার্‌গেল্‌বার্	বাইশ।
বার্‌গেল্‌পে	তেইশ।
বার্‌গেল্‌পোন	চব্বিশ।
বার্‌গেল্‌মঁড়ে	পঁচিশ।

সাঁওতালী সংখ্যা দশের ঊর্দ্ধ নাই, তবে ঊর্দ্ধ যত গণিতে হইবে, এইরূপ বরাবর দশের সহিত যোগ থাকিবে। সেই নিমিত্ত কেবলমাত্র পঁচিশ পর্য্যন্ত দেওয়া গেল।

উপাধি।

সাঁওতালী দেশে যাহারা যে প্রকার কার্য্য করে, তাহাদের উপাধি।

সান্তাল দিসোম্‌রে অকইকো ওকাবে কামিরে
মেনাঃ' কোআ ওনাকো কামিরেআঃ' ঞুতু ম্।

সাঁওতালী	বাঙ্গালা।
রাজ	রাজা
পারগানা	পরগনাইত, যাহার অধীনে কতকগুলি গ্রাম বা মৌজা থাকে।
দেশ্‌মাঝি	পরগনাইতের সাহায্যকারী।
মাঝি	মোস্তাজীর, গ্রামের মণ্ডল।
পারানিক	মোস্তাজীরের সাহায্যকারী।
যোগমাঝি	বালক বালিকাদিগের রক্ষক অর্থাৎ তাহার বিনানুমতিতে বিবাহাদি কার্য্য সম্পন্ন হয় না।
নাইকি	পূজারী, যে ব্যক্তি পূজা করে।
কুডাম্‌নাইকি	পূজারী ব্যক্তির সাহায্যকারী।
চাকলাদার	পরগনাইতের বার্ত্তাবহ অর্থাৎ তাহার অধিনস্থ মৌজা গুলির তত্ব রাখে ও হাকিম হুকুম আদান প্রদান করে।
গুডিত	গড়াইত, লোক ডাকা, বেগার ধরা- তলপী বহা, গড়াইতের কার্য্য।

সাঁওতালী।	বাঙ্গালা।
রায়বার	ঘটক, যে কোন বিষয়ের মধ্যস্থ হইয়া কথা-বার্ত্তা বলে।
গুতি	চাকর।
গুপি	রাখাল।
কামড়ী	চাকরাণী।

সাঁওতাল জাতির উপাধি ও ব্যবহার।

সান্তাল জাতকোরেআঃ' পারিস্ আর বেওহার।

হড় দ গেলবার্ পারিস্‌তে পারিস্ রেগার আকানা নোঃ'য়া নোয়াকো।

সাঁওতাল জাতি দ্বাদশ (*) প্রকার উপাধি দ্বারা পৃথক হইয়াছে তাহা এই :—

কিস্কু, (†) মুর্ম্মু, হেম্‌ব্রোম, হাঁসদাঃ, মাণ্ডি, সোরেন, টুডু, বেস্‌রা, চৌড়েঁ, বাস্কে, পাঁওরিয়া, সোয়ালে বা সোড়েঁ।

---

* এই ১২ বার প্রকার উপাধি হইতে ১৪৪ এক শত চুয়াল্লিশ প্রকার উপাধি হইয়াছে উক্ত উপাধি অনুসারে তাহাদের জ্ঞাতি কুটুম্ব পরিচয় ও বিবাহাদি হয়। সাঁওতাল জাতি এক উপাধিতে অর্থাৎ কিস্কু কিস্কু, মুর্ম্মু মুর্ম্মু এইরূপ মিল থাকিলে বিবাহ হয় না।

(†) প্রত্যেক উপাধিতে বারটী করিয়া উপাধি আছে, যথা,—কিস্কু, নাই-কিখিল কিস্কু, রঃ'কিস্কু ইত্যাদি। মুর্ম্মু যথা,—বিটোলমুর্ম্মু, অবরমুর্ম্মু ইত্যাদি। টুডু যথা,—দাঁন্তেলাটুডু, চিগিটুডু, লাৎটুডু ইত্যাদি। মাণ্ডি যথা,—নাইকিখিল মাণ্ডি, রঃ' লুতুর মাণ্ডি ইত্যাদি। হেম্‌রোম্ যথা,—গুদম হেম্‌রোম্, সাদে হেমরোম্ ইত্যাদি।। সরেণ যথা,—সিদুপ্ সরেন্ খাণ্ডাসরেন ইত্যাদি। হাস্‌দাঃ যথা,—চিল-বিন্ধা হাঁসদাঃ।

তৃতীয় অধ্যায়।

বাক্যের নাম।

কাথারে আঃ' ঞুতুম।

সাঁওতালী।	বাঙ্গালা।
কাথা	বাক্য।
হড়	সাঁওতাল, মানুষ।
রড়্	কথা।
ইঞ	আমি।
ইঞা	আমার।
আলাঙ, আলিঙ (দ্বি) / আলি, আবো (বহু)	আমরা।
আম্	তুমি।
আমাঃ', আমাঙ	তোমার।
আপে (বহু)	তোমরা
আবেন (দ্বিবচন)	ঐ
আপেয়া (বহু)	তোমাদের
আবেন্ (দ্বি)	ঐ
উনি	উনি।
উন্‌কিন্ (দ্বি)	উহারা
ওন্‌কো (বহু)	ঐ
নুই, নঃয়	এই।
হানি. হানে	ঐ
নোকো	ইহারা।

সাঁওতালী।	বাঙ্গালা।
উনিয়াঃ'	উহার।
ওন্‌কো আঃ'	উহাদের।
ঃসেল্	গৌরবর্ণ।
পোল্‌সো	শ্যামবর্ণ।
হেন্দে	কাল।
পোণ্ড্	সাদা।
কাব রা	চিত্রিত।
আরাঃ'	লাল।
নিছোরা	একবর্ণা।
হারিয়াড়্	সবুজ।
কারিয়া, সাফা	পরিষ্কার।
বড়ে	ঘোলা।
এঞল্‌তাবঃ,	স্বচ্ছ।
মার্শাল	আলো।
ফাঁক্	ফর্সা।
ঞুত্	অন্ধকার।
কাড়াং কাড়াং / ঞুত	গাঢ়-অন্ধব

সাঁওতালী।	বাঙ্গালা।	সাঁওতালী।	বাঙ্গালা।
কারীদাংরীনীল	গাঢ় কৃষ্ণবর্ণ মেঘ।	লাহা	আগে।
বিজ্‌লী মাল্‌কাও	বিদ্যুৎ চকমক।	তায়ম্‌	পশ্চাৎ।
র্ঁাত	সূর্য্যের কিরণ।	ওদা	ভিজা।
সেবেল্‌	স্বাদ।	জার্‌কাও	স্যাঁতসেঁতে।
হাড়্‌হাৎ	তিক্ত।	রহড়্‌খাঙ্গোট্‌	শুক্‌না।
রাহাম্‌	লোনা।	বেরেল্‌	কাঁচা।
সাবাঃ’	স্বাদহীন।	গাদার	ডাঁসা।
হেড়েম্‌	মিষ্টি।	কায়ণ্ডি	আধ পাকা।
জ-জ	অম্ল, টক।	বেলে, জোয়াও	পাকা।
আহ্‌নাও	আধপচা।	মাঞ্জ্‌	সার, মাঝ।
সেয়াঃ’	পচা।	লাবিৎ	নরম।
সঃ’	গন্ধ।	কেটেঃ্‌	শক্ত।
মঞ্জ	সুন্দর।	গের্‌	কামড়ান।
হির্থা	ঘৃণা।	রাবোড়্‌	আঁচড়ান।
বা্ড়িঃ’	মন্দ, খারাপ	ইতিঃ্‌	চিমটী কাটা।
ভাগে	ভাল।	তগঃ্‌	চিবান।
চট্‌, চেতান	উপর।	পাণ্ডর্‌	জাবর কাটা।
লাতার	নীচে।	গাদুর্‌	চুলকান।
এতম্‌	ডানদিক।	বাবাৎ	শুং শুং
কোঞে	বামদিক।	সিকিড়্‌	কুট্‌কুট্‌।
সামাংরে	সম্মুখে।	রিস্‌রিসি	রোমাঞ্চিত।
		রুহেৎ	গালি।
		এগের্‌	বকুণী।

সাঁওতালী	বাঙ্গালা।	সাঁওতালী।	বাঙ্গালা।
দাল্	মারা।	ঞাপাম দারাম্	সাক্ষাৎ।
পেটেব্	মোচড়ান, মলা।	ঞেপেল.	দেখা সাক্ষাৎ।
থাপা	চপেটাঘাত।	এপেল	আদান প্রদান।
কুহাও	মুষ্টাঘাত।	তেঞ	বুনান।
সবঃ'	ঘুসিমারা।	গাম্লাং	গাঁথা।
তাওয়াঃ'	আছাড়মারা।	র	সেলাই।
ঢাকা	ধাক্কা দেওয়া।	দাপ্	ছুওয়ান।
লেবেৎ	লাথিমারা।	তল	বাঁধন, বন্ধন।
লীন	টিপা।	উটি	গিরা।
হেব্মেৎ	কাঁক।	উদুম্	মগ্ন, ডুবা।
হেও	কোলে।	চাপে	ভাসা।
তিঞ	তীর বা ঢেলামারা	আতুঃ'	স্রোত।
চাপাৎ	ফেলা।	এসেৎ	আবৃত, ঘেরা।
ডাণ্টাও	শাসন।	তেন, দাপাল	আবৃত।
জটেৎ	স্পর্শ, ছোয়া।	হারুপ্	ঢাকা।
লাঙ্গা	ক্লান্ত।	উপ্	কোন পাত্র হইতে জিনিস ঢালা।
লোরাও	কাতর।		
নেহব্	বিনয়, নম্র।	দাঃ' পাল	মারামারি।
এদ্রে	ক্রোধ, রাগ	তাপাম্	লড়াই।
উসাৎ	রুষ্ট।		
আড়িস, আকুত্	বিরক্ত	কাফারিয়াও	কলহ।
সিঞ সাটুপ, মিঁৎরগড়	সর্ব্বদা	ঝোগড়া	ঝগড়া।
মিঁৎতালাও	সর্ব্বদা	নেঞাণ্ড	বিবাদ।

সাঁওতালী	বাঙ্গালা।	সাঁওতালী	বাঙ্গালা।
রপড়্	তর্ক।	সানাম্, যত, বেবাক্	সমস্ত।
লাঢ়াই	যুদ্ধ।	আ্যাডি, ঢের	অনেক।
রাওআল	হালকা।	লেখা	গণনা।
হমাল্	ভারী।	আলেখা	অসংখ্য।
হাটিং	অংশ।	আডিউতার্ আয়মা	অনেক বেশী।
বেগার্	পৃথক।	আড়িতেং থোড়া	অতি অল্প।
রেঙ্গেঃ্	ক্ষুধা।	কাটিঃ' চুলুং	অতি সামান্য।
তেতাং	পিপাসা।	কাই ঘাটি	অপরাধ।
জম্	খাওয়া।	মুহিম্	বিপদ।
এ়ুয়	পান করা।	হাদস্	হতাশ।
উং	গিলে লওয়া।	দুক্	দুঃখ।
হাজাম্	পরিপাক।	গ.র	শঙ্কট।
লে	দ্রব, গলে যাওয়া।	পাপ	অধর্ম্ম।
		পাপী	কৃপণ।
লেহের্	তরল।	দাতাল্	দাতা।
লপর লপর	কাদার ন্যায়।	এহপ্, এতহপ্	আরম্ভ।
দুলাড়িএ*	আমার প্রিয়।	পাহিল	প্রথম।
বোগী	কুশল।	খন্	হইতে।
বোগীজুদা	কুশল, মঙ্গল।		

* সাঁওতাল জাতিরা কাহাকে কোন চিঠি পত্রাদি লিখিতে হইলে পত্রের উপরিভাগে প্রথমে দুলাড়িএ পরে পাঠ লিখিয়া থাকে। ইহারা ছোট বড় সকলকেই ইংরেজীর ন্যায় দুলাড়িএ বলিয়া থাকে।

সাঁওতালী।	বাঙ্গালা।	সাঁওতালী	বাঙ্গালা।
তালারে	মধ্যে।	ফাব্‌নাও	আরোগ্য।
মুচেৎ	সমাপ্ত, শেষ।	থির্	সুস্থ।
অতং তাঅম্	অগ্র পশ্চাৎ।	দাড়ে	সবল।
লাহা তায়ম্		গঃ	মৃত, মরা।
আয়ুর, আসেন	নিয়ে বেড়ান।	মাঁড়ি	মড়া।
দাঁড়ান্	ভ্রমণ, বেড়ান।	সারা	চিতা, চুল্লী, শবদাহার্থ সজ্জিত কাষ্ঠরাশি।
হিজুঃ' সেনঃ'	যাওয়া আসা।		
বাং	না।	বাই	বিকারদোষ।
বায়ুঃ'	নাই।	ঝাঁই	মূর্চ্ছা।
মাঃ', গেদ্, ইরঃ'	কর্ত্তন, কাটা।	কয়জং	ভিক্ষা।
বেঙ্গেৎ	দৃষ্টি, তাকান।	লভ্	লালচ।
কোয়োঃ' এেল	দেখা।	কোম্বড়ো	চুরি।
বেঙ্গেৎ, উরিঃ	এক দৃষ্টে দেখা।	লাট্	ব্যভিচার।
এেএেল্	দর্শন।	ওকো	লুকান।
ওয়োং	উঁকিমারা।	সারি	সত্য।
চাহাপ্	হা করা।	এড়ে	মিথ্যা, ফাঁকি।
আঞ্জম্	শ্রবণ, শোনা।	আরুপ্, * আবুক্ †	ধৌত।
দানাং	আড়াল।	বড়ঃ	নিজড়ান।
আড্	ওঁত্।	হাহাড়া	আশ্চর্য্য।
ঠপ্	ফোঁটা।	ভাড়ো	বিস্ময়।
টুডা	ঝুটকুনী।	ঠাকুগীডি	

* কোন দ্রব্য ধৌত করিতে হইলে তাহাকে আরুপ বলে।
† হস্ত পদাদি ধৌত করিতে হইলে আবুক বলে।

সাঁওতালী	বাঙ্গালা।	সাঁওতালী	বাঙ্গালা।
কুসি	সন্তুষ্ট।	সেরেং	গান।
রাস্কা	আনন্দ।	এোহোড় এেহোড়	সুমধুর।
মরৎ	দুর্ব্বল।	পাক্ড়ো	অধিক বয়স্ক
তুলুইঃ, সাঁওতে	সঙ্গে।	এন্ হোড়্	ব্যক্তি।
গাউইঃ্	হাতের ইসারা	লিউয়েং	নোয়ান।
রিপিৎ	চক্ষুর ইসারা।	কোঁড়িয়া	বাঁকা।
বেঃ্, উছলাউ	বমি।	সুঝি	সোজা।
আব্প্	হাই।	জানাম্	জন্ম।
এড়াঁ	বিষম।	আঙ্কুর	অঙ্কুর।
আছিম্	হাঁচি।	অড়েঃ্	ছেঁড়া।
গল্	শীষ দেওয়া।	পাড়াঃ’	ফাটাল।
লাজাও	লজ্জা।	ভুগাঃ’	ছিদ্র।
ভাবনাঃ’	চিন্তা।	বুসাঃ’	প্রসব।
বতর	ভয়।	এস্কার	একলা।
আঃ’ আট্কারাঃ’	ইন্দ্রিয়।	ওড় সোড়	সংসর্গ।
হোড়্মো রেআঃ’	রিপু।	কুরুমুটু	প্রাণপণে চেষ্টা।
সানাতাপিস		ধুরাও, নাষ্কাও	প্রবৃত্ত।
তাওআও	সতেজ।	খালি, একেন	কেবল, শুধু।
নিজোর্	শক্তিহীন।	মেন্খান্	কিন্তু।
পাস্নাও	সঞ্চালিত।	বিচ কম্	বরঞ্চ।
		জাপুৎ	বর্ষা।
সানেগুমান্	বিবেচনা পূর্ব্বক।	উদ্গার্	গরম।
রাড়	গানের সুর।	বাল্বাল্	ঘাম।

সাঁওতালী।	বাঙ্গালা	সাঁওতালী	বাঙ্গালা।
বাসাঙ্গ	উষ্ণ।	ইতুৎ	বল পূর্ব্বক সিন্দুর দেওয়া
ললো, ধিপাও	তপ্ত।	অর আদের	টানিয়া ঢুকা।
রেয়াড়্, রাড়েজ্, কাল্হা	শীতল, ঠাণ্ডা	অল্	লেখা।
রাবাং	শীত।	পাড়্হাও	পড়া।
কাঠ্নাও	অবশ।	পায়রা	সাঁতার।
সাকেত্	জমিয়া যাওয়া	পারম্	পার হওয়া।
কেটেঃ	শক্ত।	দন	লাফান, কুর্দ্দন।
ডোণ্ডরো	আকাশ মেঘাচ্ছন্ন।	দাড়্	পলায়ন।
ওয়োপটম্	শরীর ও নাক মুখ আচ্ছাদিত করিয়া ঢাকা।	দন্ পারম্	লম্ফ প্রদান করা।
		তাড়াম্	পাদক্ষেপ।
		এনেইঃ'	নাচ।
জাপিত্	ঘুমান।	রুইমে	বাজাও।
এভেন্	চেতন।	গাছিয়াও	গাছান।
ঢুদড়ুম্	ঢুলুনী।	গাবান	পোরন্দা, পড্যামো।
সাহেং	নিশ্বাস।		
সাহেং ওড়োং	প্রশ্বাস।	হেড়্হেৎ	নিড়ান।
সেটের ত্তিয়ঃ'	পঁহুছান।	কিরিঞ	ক্রয়, কেনা।
ঞাম	পাওয়া।	আকিরিঞ	বিক্রয়, বেচা।
ঞাঞাম্	তল্লাস	সং	ওজন।
ঞাম্ ঞাম্তে	খুঁজিতে খুঁজিতে।	এরঃ'	বপন, বোনা।
বাপ্লা	বিবাহ।		বিচন।

সাঁওতালী।	বাঙ্গালা।
রহয়	রোপণ।
সীঅঃ	হাল বাহা।
মিঁৎ সাঁও	সমতল।
দাড়াং, দাড়সাং	ঢালু
উচ্চুল	উচ্চ।
হুডিং	ছোট।
হপন্	ছোট।
গেডা, বাঙ্গাওরা	বেঁটে।
জেলেং	দীর্ঘ, লম্বা।
ঝাল	লম্বা।
ওসার	প্রস্থ।
গান্দ্‌রী	গভীর।
দারীয়া	পুরু।
এতাং	পাতলা।
নান্হা	সরু
মারাং, লাটু / সেঁড়া, হাপড়া	বড।
ভিকি, ইসিন	সিদ্ধ।
চাবাঃ	নিঃশেষ, ফুরাইয়া যাওয়া।
গং	উত্তর দেওয়া।
সাডে	শব্দ।

সাঁওতালী।	বাঙ্গালা।
আড়াং	গলার আওয়াজ
ল, ডাহাও	পোড়া, দগ্ধ।
রঙ্গো	অর্দ্ধদগ্ধ, আধ পোড়া।
চেতাও, সন্তর	সতর্ক, সাবধান।
আরজ	প্রার্থনা।
আসীর্ব্বাদ	আশীর্ব্বাদ।
মানা	নিষেধ।
আসিস্	অভিশাপ।
হিস্কা	হিংসা।
সঃওআ	উপাসনা।
হেনস্তা	অগ্রাহ্য তুচ্ছ।
বিদোত্	তাড়াইয়া দেওয়া।
বিটোল	জাতিভ্রষ্ট।
জাওরা	একত্রিত।
যোগাড়্	সংগ্রহ।
তেয়ার্	প্রস্তুত।
টাণ্ডি	ময়দান।
খেত্	জমি।
বাড়গে	দোফসলাভিটা।
গোডা	এক ফসলা ভিটা।
ঘুটু, টিকুর	উচু, দ্বীপ।

সাঁওতালী।	বাঙ্গালা।
চপৎ	নীচু।
হালাং	কুড়াইয়া লওয়া।
গিডি	ফেলে দেওয়া।
হিরিঃ, বুজুর্	পড়ে যাওয়া।
পাসির	ছটকাইয়া পড়া।
আৎ	হারাইয়া যাওয়া।
জৎ	পুঁছিয়া ফেলা।
ওজোঃ'	মাথা।
উন্	স্নান।
উম্নুম্	মগ্ন, ডোবা।
জিউই	প্রাণ।
জিউয়েত্	জীবিত।
জির!ও	বিশ্রাম।
উমুল	ছায়া।
বুল	মাতাল।
নাসে	সামান্য।
কাটিঃ'	ক্ষুদ্র, ছোট।
ডুল	ঢালা (তরল পদার্থ।
তাং	ঢালিয়া দেওয়া।
পাতিয়!ও	প্রত্যয়, বিশ্বাস।
ওহমা	সন্দেহ।
হত্তেতে	দ্বারা।

সাঁওতালী।	বাঙ্গালা।
হেঃ' গদো	শীঘ্র আস।
হাকোফারে	শীঘ্র।
নিতুগী	এখুনি।
চেদাঃ'	কেন।
ওন্কাতেগী	অমনি।
রেবেৎ	গুঁজিয়া রাখা।
আকা	টাঙ্গাইয়া রাখা।
রেবেন্, মানাও	স্বীকার।
ঘাটু	অপরাধ।
বাগী	পরিত্যাগ।
বাপাগ্	বিচ্ছেদ।
পেরেঃ'	পরিপূর্ণ।
ভাওডোক্	উপছাইয়া পড়া।
সাঙ্গিং	দূর।
সোর্	নিকট।
আডেটোলা	পাড়া প্রতিবাসী।
টোঠা	অন্তঃপাতী।
কুলি	জিজ্ঞাসা।
কোলমে	পাঠাও।
কুলিমাড়াং	আগে জিজ্ঞাসা করা
এম্ মাড়াং	আগে দেওয়া।
চেপেৎ, পরামস	পরামর্শ, যুক্তি।

সাঁওতালী।	বাঙ্গালা।	সাঁওতালী।	বাঙ্গালা।
শুলুক	শান্তি।	তোপা	পুঁতিয়া ফেলা।
গাতে	বন্ধু।	লাদে	চাপান।
রিং	পেষণ করা বাটা।	দিপীল	মাথায় লওয়া।
লেমেং	চূর্ণ।	গঃ’	ঘাড়ে লওয়া।
গেজের্	গুঁড়া।	হেয়মেং	কাঁকে লওয়া।
রাপুং	ভগ্ন, ভাঙ্গা।	হেও	কোলে লওয়া।
পাটুপ	উপড়াইয়া যাওয়া	তেওয়েং	হাতে লটকাইয়া লওয়া।
তোং	উপড়ান।	রাকাপ্	উঠা।
ওডোঃ	নির্গত, বাহির।	আঁড়গুন্	নামা।
বলঃ’	প্রবেশ।	হারাঃ’	বৃদ্ধি।
জাঃ’বে	জবাই, হালাল।	ডুগী	বৃক্ষের ডগা।
রাপাঃ’	পোড়া।	বায় বায়তে	আস্তে আস্তে।
অং	ফু দেওয়া।	চোগোড়	শীঘ্র, জলদ।
চেং	কি।	আডিআঁট	অত্যন্ত জোরে।
হাঃ’স্তাও	লওয়া।	হাপি হাপিতে	চুপে চুপে।
এমামা	দিব।	ওকো ওকোতে	গুপ্তভাবে।
সির্জাও	সৃজন।	লাগাতোং	তাড়াইয়া দেওয়া।
সি-সির্জাওইঃ’	সৃষ্টিকর্ত্তা।	তাপীসতে	জোরে।
জাযজুগ্	চিরকাল।	লান ঢ্	লঙ্ঘন।
সেদায়	পূর্ব্বকাল।	টালাং, নেহত্	অমান্য
বিডাও	পরীক্ষা।	আণ্ডিঃ’	ঠকান।
তোপাঃ’	খণ্ড, টুকরা করা।	আগুল	প্রতিপালন।

সাঁওতালী।	বাঙ্গালা।
রেগপেত	ঝগড়া ঝাঁটি ;
কাও মাও	কোলাহল।
এয়াদ্	মুখস্ত।
হিড়িং	ভুল।
নাওয়া	নূতন।
মারে	পুরাতন।
চেচেৎ	শিক্ষা।
কামি	কার্য্য।
বালে হপন	কচি ছেলে।
গিদরা	ছেলে।
নিরাই	নির্ব্বিঘ্ন।
মানত	সম্মান।
মানতান	পূজ্যমান্য।
লোহান্তি	প্রসিদ্ধ।
এেল্ আরো, এেল্ দহড়া	পুনর্ব্বার দেখা
এেল্ তরা	দেখিবামাত্র
মাঃ' রাও	নিপাত।
দাড়ে আন্	শক্তিবান।
বেবুজ্	মূর্খ।
মাহির	শান্ত।
ওকৃতাও	গ্লানি।
আকিলান	বিবেচক, জ্ঞানবান।

সাঁওতালী।	বাঙ্গালা।
বানার	উভয়।
সাহাড় রে	একপাশ।
মহঙ্গর	কঠিন।
তিসর	কবে।
তিন্‌রে	কখন।
ওকামা	কখনও তো
সদরঃ' কানা	প্রকাশ হইতেছে।
আশোকায়তে	বিশেষতঃ
হুদিস	বিবেচনা
আকিল, বুধ	জ্ঞান।
এমান্তেয়া	ইত্যাদি।
বিরহড়	অসভ্য লোক।
মার্‌চা	অনুর্ব্বরা।
দাড়ে, গোবরাও	উর্ব্বরা।
ইলীম, বিদ্যা	বিদ্যা।
আভিসোনপে	অতিকষ্টে।
বেশ্ অকঃতে, ভাগেসাবেত্ তে	ভাল করিয়া।
গড়ো	সাহায্য করা।
সাহাই	সাহায্য।
বাঝাও	লিপ্ত।
সাজাও	অলঙ্কৃত।
চেবৃতেৎ	অধিকাংশ।

সাঁওতালী।	বাঙ্গালা
ঢেরকায়তে	বেশী করিয়া।
আ়ত্	সুযোগ।
টিলিসিলি	অবহেলা।
সাসেত্ সাস্তাও	দখান।
পোরহো	উপকার।
ম	গন্ধ।
ওটাং	উড়িয়া যাওয়া
চুরূইঃ্	চুট্‌কী।
মেন্‌লেখাঃ্	বলিলে।
সেসাস্তিরে	অবশেষে।
গাদ্‌কে গাদ্	পাল কে পাল।
চেতান্‌রে, অল আকাৎ	উল্লিখিত।
আগড়া	যেখানে চাউল নাই
গাখুড়, লিগুর	নিপুণ পটু।
গেন্তে গেন্তে, পান্তে	শ্রেণী।
পোচ্‌রা	কাপুরুষ, ভীরু।
কাদ্‌রাহা	উগ্রস্বভাব।
গুরুরাও	গর্জ্জন।
ঠোক্	আক্রমণ।

সাঁওতালী	বাঙ্গালা।
চাবা এনা	ফুরাইল॥
মেনায় গেয়া	আছে (সজীব)
বানাঃ' গেয়া	: নাই (নির্জীব)
দারে বুটা	গাছের তলা।
হিড়িং কেদা	ভুল হইল।
এ ওয়েৱ	পাথারবাতাস।
ঝিঃ্	খুলে দেওয়া।
জোঙ্গ্‌ড়াও	চুপসাইয়া যাওয়া
জিউইআন্	
জ়ারুড়া	আবশ্যক।
বেড়্‌হায়তে	চতুর্দ্দিকে।
আদম্ আদম্	কোন কোন।
এেল্ ওরোম্	চেনা।
ভাণ্ডান্	শ্রাদ্ধ।
জম্ এ়ূয়	পান ভোজন।
মেৎ আঁহা	চেহারা।
রেপেঃ্	কাড়াকাড়ি।
বালে	কচি।
রাগ্ রারাঃ'	ক্রন্দন।
এ়ূয়	পতিত।
মেতাঃ'মে	যথা, অর্থাৎ।
উইহার্	মনে করা।

সাঁওতালী।	বাঙ্গালা।	সাঁওতালী।	বাঙ্গালা।
পাট্‌গাণ্ডু	আসনপিঁড়ি।	হাপে	থাম।
হাকার্	ফ্যাল ফ্যাল করা	দুড়ুপ্	বসা।
আশ্‌টুটাও	হতাশ।	নাখা	পার্শ্ব, দিক।
কুকুইঃ্	জড়সড়।	জাল্	জিহ্বা দ্বারা চাটা।
সারেঃ্	অবশিষ্ট।	উদ্	গিলে ফেলা।
সাম্বীর	চিৎ হইয়া শোয়া।	তা সিমে	মেলে দেওয়া।
শোড়্‌তা	কাত হইয়া শোয়া।	জি	শুঁকা।
বাঁক	রশ্মি, কিরণ।	দেঃ্	চড়া, উঠা।
উইং	পাক দেওয়া।	সাপ্	ধরা।
নতে	এই দিকে।	কুড়াই	মজুরী।
হান্‌হান্‌তে	ঐ দিকে।	যোঙ্গড়াও	উচু নীচু, চুপ-সাইয়া যাওয়া।
কুসী	পছন্দ।		
হয়ঃ'	খেউরী।	তুঙ্গঞ	তীর ছোড়া।
গুড্‌রাও	গড়াইয়া দেওয়া।	নাপায়	পবিত্র, শুদ্ধ।
কচে	বক্র, বাঁকা।	ছুতঃ'	অপবিত্র।
তেঙ্গোন্	দাঁড়ান!	শবং	কাচা।

দ্বিতীয় ভাগ।

·ꟷ❋ꟷ·

(কথোপকথন)

মিশ্রবাক্য।

লাটু সে ঝা়ল কাথা।

সাঁওতালী।	বাঙ্গালা।
আমা ঞুতুম দো চেৎ চেলে আমা ঞুতুম্	তোমার নাম কি ?
ডুইঃ’ টুডু	এক জন মনুষ্যের নাম।
চেলে টুডু	কোন্ টুডু।
চিগি টুডু	উপাধির নাম।
আমা আপুম্ রেআঃ, ঞুতুমচেৎ	তোমার পিতার নাম কি ?
পারাউ টুডু	এক জন মনুষ্যের নাম।
আমা ওড়া দো ওকারে ওকারে তাম্ ওড়া	তোমার বাড়ী কোথায়।
ডাহারনাগী	গ্রামের নাম।
তিনাঃ’ সাঙ্গীঙ	কত দূর।
আডি সাঙ্গীঙ	অনেক দূর।
এনহো	তবু।

সাঁওতালী।	বাঙ্গালা।
সে তাঃ' থন্ তিকিন হর্	প্রাতঃকাল হইতে দুই প্রহরের পথ।
ওকাতে এম্ চালাঃ' কানা *	তুমি কোথায় যাচ্ছ।
পেড়া হড়ো ইং চালাঃ' কানা	কুটুম্বিতা কর্তে যাচ্চি।
ওকা আতো	কোন্ গ্রাম।
তালঝারী	গ্রামের নাম।
অকয় ওড়াও	কার বাড়ী?
বাঘরায় মুর্মু ওয়াঃ' ওড়াঃ'তে	বাঘরায় মুর্ম্মুর বাড়ীতে।
অকয় হোয়োঃ' তামা	তোমার কে হয়?
কুমাঙ হোয়োঃ' আ	পিসা হয়।
চেৎ লাগীৎ এম্ চালাঃ' কানা	কি জন্য যাচ্ছ?
ভাণ্ডান্ ভোজজ্ ইএ চালাঃ' কানা	শ্রাদ্ধের ভোজ খেতে যাচ্চি।
চেৎ কো পে জম এয়আ	কোন্ কোন্ জিনিস পান ভোজন কর্বে।

* সাঁওতালী ভাষা ব্যাকরণের সহিত তত সংযোগ না থাকায় ব্যাকরণ অনুসারে কথাগুলি ব্যবহৃত হইল না। কিন্তু সাঁওতালী বাক্যের অন্তে কানা শব্দ থাকিলে বর্ত্তমান কাল বুঝাইবে। যথা,—কামিকানা…কাজ করিতেছে। সেনঃ কানা…যাচ্চে। হিজুকানা…আসিতেছে প্রভৃতি। আর অ বা আ শব্দ থাকিলে ভবিষ্যৎ কাল হয়। যথা,—হিজুঃ আয়—আসিবে। এমায়…দিবে। গাপাচালাঃ'আ…কাল যাইবে। ইত্যাদি। আর না শব্দ থাকিলে অতীত কাল হয়। যথা,—হেঃ'লেনা…এসেছিল, সেনলেনা…গিয়াছিল ইত্যাদি।

সাঁওতালী।	বাঙ্গালা।
জেল, দাকা, তোয়া, দাহি, হাণ্ডি, পাউরা	মাংস, ভাত, দুধ, দধি, পচুই, মদ
তিস্ এম্ রুয়াড়্ হিজু আ	কবে ফিরে আস্‌বে।
মিয়াং	পরশ্ব।
ওকাতেম্ চালাঃ' আ	কোথায় যাবে?
দরবার্ ইঞ চালাঃ' আ	সালিশ কর্‌তে আমি যাব।
ওকারে	কোথায়।
পাকোড়	পাকুড়।
ওকাতেম্ সেন্‌লেনা ওকাতেম্ ডুকানা	কোথায় গিয়াছিলে?
নাল্‌হা ইঞ সেন্‌লেনা	মজুর খাট্‌তে গিয়াছিলাম।
এহো ওকা হর্‌তে ইঞচালাঃ আ	হাঁগা কোন রাস্তায় আমি যাব?
উদু ইঞ মে	আমাকে দেখিয়ে দাও।
নোয়া হর্‌তে	এই রাস্তায়।
হানা হর্‌তে	ঐ রাস্তায়।
আম্ দো আডি ভাগে হড় কানাম্	তুমি খুব ভাল লোক আছ।
চেকাতেম্ বাডায় কেদা	কেমন করে তুমি জানলে।
চায় চলন আর মেঁৎ আঁহা এেলতে	আচার ব্যবহার ও চেহারা দেখে।
সেনঃ' সেনঃ' তে আয়ুবঃ' আ	যেতে যেতে সন্ধ্যা হবে।
বাং আয়ুবঃ' আ	সন্ধ্যা হবে না।

মিশ্রবাক্য

তেহেঞ নওে তাহেন মে *	আজ ঐখানে থাক।
অহম্ সেন্দাড়ে লেনা	যেতে পারবে না।
লাঙ্গাএনাম্	ক্লান্ত হয়েছ
বাং চালাঃ' গিয়াইঞ	না আমি যাইবই।
বাম তাহেনা	থাক্‌বে না।
বাঞ তাহেনা	থাক্‌ব না।
